



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/সংস্থাপন/দিনাজপুর-৭৪/ ৭৯৬/৪

তারিখ :- ২৫/১০/২০১৭খ্রিঃ

বিষয় : সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্র : ১) নং- বামাশিবো/সংস্থাপন/৫২২/৯; তারিখ : ২০/০৮/২০১৪খ্রিঃ
২) নং- বামাশিবো/সংস্থাপন/৫২২/৯; তারিখ : ২০/০৮/২০১৪খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার সদর উপজেলাধীন উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ আবুল বাশার এর চাকরি থেকে অপসারণ অনুমোদনের বিষয়টি ০৮/০৬/২০১৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় উপস্থাপন করা হয়।


২) মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্র বিস্তারিত পর্যালোচনা করে সুপার জনাব মোঃ আবুল বাশারকে চাকরি থেকে অপসারণ প্রক্রিয়া যথাযথ না হওয়ায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক অপসারণ অনুমোদনের আবেদন খারিজ করা হয়। পরবর্তীতে আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্তের বিষয়টি সূত্রে উল্লিখিত ২নং স্মারকে মাদ্রাসা কর্তৃপক্ষকে জানিয়ে দেয়া হয়।

৩) মাদ্রাসার সুপার জনাব মোঃ আবুল বাশার এর পক্ষে এ্যাডভোকেট মোঃ গোলাম নূর নোটিশ ফর ডিমান্ডিং বোর্ডে দাখিল করেন। উক্ত নোটিশ ফর ডিমান্ডিং এ জনাব মোঃ আবুল বাশারকে তার স্বপদে পুনর্বহাল না করা এবং বেতন-ভাতা প্রদান না করার বিষয়টি উল্লেখ করা হয়।

৪) পরবর্তীতে গত ০৮/০৬/২০১৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সুপার জনাব মোঃ আবুল বাশারকে তার স্বপদে পুনর্বহাল করে যাবতীয় বেতন-ভাতা প্রদান পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য সূত্রোক্ত ১নং স্মারকে পত্র দেয়া হয়। অপরদিকে স্বপদে পুনর্বহাল না করা এবং বেতন-ভাতা প্রদান না করার বিষয়ে মাদ্রাসার সুপার মোঃ আবুল বাশার পুনরায় একখানা আবেদন বোর্ডে দাখিল করেছেন।

বর্ণিত অবস্থায় কেন বোর্ডের আদেশ অনুযায়ী সুপার জনাব মোঃ আবুল বাশারকে স্বপদে পুনর্বহাল এবং বেতন-ভাতা প্রদান করা হয়নি সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা আগামী ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য তাদেরকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


24.10.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি ম্যানেজিং কমিটি, উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসা, সদর, দিনাজপুর।

২) ভারপ্রাপ্ত সুপার, উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসা, সদর, দিনাজপুর।

নং- বামাশিবো/সংস্থাপন/দিনাজপুর-৭৪/ ৭৯৬/৪

তারিখ :- ২৫/১০/২০১৭খ্রিঃ

প্রয়োজনীয় কার্যার্থে ও সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর।
- ৪। জনাব মোঃ আবুল বাশার, সুপার, উত্তর হরিরামপুর দাখিল মাদ্রাসা, সদর, দিনাজপুর।
- ৫। পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

(মোঃ মজিবুর রহমান)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪